আজকের কাগজ

তারিখ ...14. JAN 1996 ...
পৃষ্ঠা ...১... কলাম ৭ ...

## চ.বি শিক্ষক সমিতি

# বিশ্ববিদ্যালয়ের অনিয়মের শ্বেতপত্র প্রকাশ করবে

চট্টগ্রাম অফিস ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক অনিয়ম তদন্ত করে একটি 'শ্বেতপত্র' প্রকাশের উদ্যোগ নিয়েছে। শিক্ষাকে গতিশীল করার জন্যে শ্বেতপত্র প্রকাশের উদ্যোগ বাংলাদেশে এটাই প্রথম। গতকাল দুপুরে সমিতির কার্যনির্বাহী কমিটির জরুরি সভায় শ্বেত পত্র প্রণয়নের জন্যে ৬ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন–সম্মিলিত সভাপতি ডঃ ফসিউল আলম, সাধারণ সম্পাদক ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরী, যুগ্ম সম্পাদক মাহফুজ পারভেজ, বাণিজ্য অনুষদের ডীন অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, সমাজতাত্ত্বিক হাসানুজ্জামান চৌধুরী ও আব্দুল গফুর। বিশ্ববিদ্যালয়ের যে কোনো অনিয়মের তথ্য কমিটিকে দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে।